



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



অফিস আদেশ

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২০ খ্রীষ্টাব্দ

বিষয়ঃ এডিস মশার বিস্তার ও ডেঙ্গু রোগ প্রতিরোধে করণীয়।

উপর্যুক্ত বিষয়ে এ অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষার্থী এবং অভিভাবকদের অবহিত করা যাচ্ছে যে বর্তমান সময়টিতে এডিস মশার বিস্তার ও এর মাধ্যমে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে। ফলে গতবছরের মতো এ বছরও আমাদের সক্রিয় ও সতর্ক হতে হবে। করোনাভাইরাস সংক্রমণ রোধে বন্ধ অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা না হলে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিতে পারে।

এমতাস্থায় ডেঙ্গু রোগ রোধে সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণে নিম্নরূপ নির্দেশনা দেয়া হলো। উল্লেখ্য, এ নির্দেশনা প্রতিপালনের সময় করোনাভাইরাস সংক্রমণ রোধে চলমান সতর্কতামূলক নির্দেশনাও কঠোরভাবে প্রতিপালন করতে হবে।

- অফিস, শিক্ষা প্রতিষ্ঠান ও এর আশেপাশে যেসব জায়গায় স্বচ্ছ পানি জমার সম্ভাবনা থাকে (যেমন- প্রতিষ্ঠানের ছাদ, নির্মাণাধীন ভবন, ফুলের টব, বাগান, নালা, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসির পানি জমার স্থান, পানির বদনা, বালতি, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, টায়ার ইত্যাদি) সে সব জায়গা চিহ্নিত করে ০১ (এক) দিন পরপর পরিষ্কার করতে হবে।
- বদনা এবং বালতি পানিশূন্য করে উল্টিয়ে রাখতে হবে।
- হাই-কমোডে হারপিক চেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে; লো-কমোডের প্যানে হারপিক চেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে।
- কোন জায়গায় জমা পানি থাকলে লার্ভিসাইড স্প্রে করতে হবে অথবা জমা পানি নিষ্কাশন করতে হবে।
- একটি ডিউটি রোস্টার করে প্রতিরোধমূলক কার্যক্রমটি নিশ্চিত করতে হবে
- ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রমে সিটি কর্পোরেশন/পৌরসভার সাথে সমন্বিত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-

তারিখঃ ২৩ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২০ খ্রীষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ২। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৩। পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৪। অধ্যক্ষ, সকল কলেজ;
- ৫। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব;
- ৬। মাননীয় উপ-মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব;



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব;
- ৮। উপ-পরিচালক, (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ৯। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ১১। জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা;
- ১২। প্রধান শিক্ষক, সকল মাধ্যমিক বিদ্যালয়;
- ১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা;
- ১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী;
- ১৫। অফিস কপি।

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।